

# গুচ্ছে থাকছে না জবি, নিজ আইনেই হবে ভর্তি পরীক্ষা

জবি সংবাদদাতা

প্রকাশ : ২৯ জানুয়ারি ২০২৫, ০২:০০



ছবি: সংগৃহীত

গুচ্ছ ভর্তি পরীক্ষায় জগন্নাথ বিশ্ববিদ্যালয় থাকছে না এবং বর্তমান প্রেক্ষাপটে গুচ্ছ ফিরে যাওয়া সম্ভব নয় বলে জানিয়েছেন, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মো. রেজাউল করিম। তিন দফা ‘অনুরোধ’ জানানোর পর এবার গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা নিতে বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্যদের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়। এরপর মঙ্গলবার ভর্তি পরীক্ষার বিষয়টি নিশ্চিত করেছেন জগন্নাথ বিশ্ববিদ্যালয় উপাচার্য।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

তিনি জানান, বিশ্ববিদ্যালয়ের ২০০৫ সালের আইন অনুযায়ী ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে।

তিনি বলেন, আমরা এখন পর্যন্ত নিজস্ব পদ্ধতিতে অর্থাৎ বিশ্ববিদ্যালয়ের ২০০৫-এর আইনানুযায়ী ভর্তি পরীক্ষা নেওয়ার সিদ্ধান্তে রয়েছি। নিজস্ব পদ্ধতিতে ৩১ জানুয়ারি ইউনিট-ই এর পরীক্ষার মধ্য দিয়ে ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ভর্তি পরীক্ষা শুরু হবে।

২৮ জানুয়ারি সকালে বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ, তথ্য ও প্রকাশনা দপ্তর থেকে প্রকাশিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০২৪-২৫ শিক্ষাবর্ষের ১ম বর্ষ ১ম সেমিস্টার ভর্তি প্রক্রিয়া ২০০৫ সালে তৎকালীন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার নেতৃত্বে জাতীয় সংসদে পাশ করা ‘জগন্নাথ বিশ্ববিদ্যালয় আইন-২০০৫’ এ নির্ধারিত পদ্ধতিতে সম্পন্ন করা হবে। জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ২০০৫-এর আইনে ৪০(১) ধারায় শিক্ষার্থী ভর্তির বিষয়ে বলা আছে, ‘এই আইন এবং সংবিধির বিধানসাপেক্ষে বিশ্ববিদ্যালয়ের স্নাতক, স্নাতকোত্তর ও অন্যান্য পাঠ্যক্রমে ছাত্র ভর্তি একাডেমিক কাউন্সিল কর্তৃক এতদুদ্দেশ্যে নিযুক্ত ভর্তি কমিটি কর্তৃক প্রণীত বিধি দ্বারা পরিচালিত হইবে।’ এর আগে, গত সোমবার তিন দফা ‘অনুরোধ’ জানানোর পর এবার গুচ্ছ পদ্ধতিতে ভর্তি পরীক্ষা নিতে বিশ্ববিদ্যালয়গুলোর উপাচার্যদের নির্দেশ দেয় শিক্ষা মন্ত্রণালয়।